



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ

ফোন : ০২-২২৩৩৮৮৬০৮
ইমেইল: dgmewt@krishibank.org.bd

বিকেবি/প্রকা/ককপবি/প্রশা-০৫/২০২৫-২০২৬/৬৫৬

তারিখ: ১২-০৩-২০২৬

বিষয়: চলমান ভূরাজনৈতিক পরিস্থিতিতে গ্যাস ও জ্বালানি তেল সাশ্রয়ে আগাম সতর্কতামূলক পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১ এর ১১ মার্চ ২০২৬ তারিখে জারিকৃত বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-১০ (কপি সংযুক্ত) এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ০২। উল্লিখিত পত্রের নির্দেশনার প্রেক্ষিতে বর্তমান বৈশ্বিক পরিস্থিতির ফলে আন্তর্জাতিক জ্বালানি সরবরাহ ব্যবস্থায় বিঘ্ন সৃষ্টি হওয়ায় জ্বালানি ও বিদ্যুৎ সংকটের ঝুঁকি মোকাবিলায় জাতীয় জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করা এবং রাষ্ট্রীয় সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকল্পে সরকার কর্তৃক বিভিন্ন সাশ্রয়ী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।
- ০৩। এহেন পরিস্থিতিতে বাংলাদেশ ব্যাংকের উক্ত পত্রের নির্দেশনার আলোকে ব্যাংকের প্রধান কার্যালয়, শাখা, উপ-শাখা এবং অন্যান্য অফিসে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয় নিশ্চিত করার লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলো:
 - ক) বিদ্যুৎ সাশ্রয়: অফিসের অভ্যন্তরে বৈদ্যুতিক বাতি, ফ্যান, এয়ার কন্ডিশনার (AC) এবং অন্যান্য ইলেকট্রনিক যন্ত্রপাতির ব্যবহার সীমিত করতে হবে। দিনের আলোর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে এবং অপ্রয়োজনে লাইট ও এসি বন্ধ রাখতে হবে। এসির তাপমাত্রা ২৫ ডিগ্রি সেলসিয়াসের নিচে রাখা যাবে না।
 - খ) জ্বালানি সাশ্রয়: ব্যাংক কর্তৃক ব্যবহৃত যানবাহনের জ্বালানি খরচ কমানোর লক্ষ্যে ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক ভ্রমণে মিতব্যয়িতা অবলম্বন করতে হবে। ব্যক্তিগত যানবাহনের পরিবর্তে গণপরিবহণ ব্যবহার এবং সম্ভব হলে শেয়ারিং (কার-পুলিং) ব্যবস্থা অবলম্বন করতে হবে। জ্বালানি তেলের ব্যবহার কমাতে অপ্রয়োজনীয় যাতায়াত যথাসম্ভব সীমিত/পরিহার করতে হবে।
 - গ) ব্যবসায়িক কার্যক্রম: ব্যাংক ভবনের আলোকসজ্জা এবং প্রচারণামূলক বৈদ্যুতিক ডিসপ্লে বোর্ড ব্যবহারের ক্ষেত্রে নির্ধারিত সময়সূচি ও বিধিনিষেধ যথাযথভাবে অনুসরণ করতে হবে। এক্ষেত্রে অতিরিক্ত ও অপ্রয়োজনীয় আলোকসজ্জা পরিহার করতে হবে। বিদ্যুৎ জেনারেটরে জ্বালানি ব্যবহারে সাশ্রয়ী পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- ০৪। এতদ্ব্যতীত, "বিদ্যুৎ ও জ্বালানির দক্ষ ব্যবহার এবং শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্রের জ্বালানি সাশ্রয়ী ব্যবহার প্রসঙ্গে" শিরোনামে ০৭ সেপ্টেম্বর ২০২২ তারিখের বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার লেটার নং- ৩৭ এর নির্দেশনাবলী যথাযথভাবে পালনের জন্য পুনরায় পরামর্শ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে,



(সতী প্রসন্ন দত্ত)
উপমহাব্যবস্থাপক

তারিখ: ১২-০৩-২০২৬

বিকেবি/প্রকা/ককপবি/প্রশা-০৫/২০২৫-২০২৬/৬৫৬(২২৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। স্টাফ অফিসার, অধ্যক্ষ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক স্টাফ কলেজ।
- ০৬। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৭। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকাকে পত্রটি অফিসিয়াল ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১১। অধ্যক্ষ, বাংলাদেশ কৃষি ব্যাংক রিজিওনাল স্টাফ কলেজ, চট্টগ্রাম/খুলনা।
- ১২। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১৩। শাখা ব্যবস্থাপক, সকল শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১৪। নথি মহানথি।


(মোঃ সালাহ উদ্দীন)
সহকারী মহাব্যবস্থাপক